

বিষয়ঃ ১৮/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি (ক): বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

আলোচ্য সূচি (খ): ১৮/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

ক্র নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত
১.	ব্রি'র ৫০ বছরের সুবর্ণ জয়ন্তীর হালনাগাদ সকল খবরাখবর প্রকাশের জন্য ওয়েবপেজ তৈরির অগ্রগতি পর্যালোচনা;	ব্রি'র ৫০ বছরের সুবর্ণ জয়ন্তীর হালনাগাদ সকল তথ্য প্রকাশের জন্য ইতোমধ্যে ওয়েবপেজ তৈরি করা হয়েছে। উক্ত হালনাগাদ ওয়েবপেজে নিয়মিত সুবর্ণ জয়ন্তী সংক্রান্ত খবরাখবর প্রকাশের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।
২.	ব্রি'র সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ই-নথি'র অগ্রগতি পর্যালোচনা	ব্রি'র সকল বিভাগ ও শাখায় ই-নথি ব্যবহারের জন্য নিয়মিত তদারকি কার্যক্রম চলমান রাখতে হবে। এছাড়া সংশ্লিষ্ট বিভাগ, আঞ্চলিক কার্যালয় ও শাখাসমূহের ই-নথি সংক্রান্ত ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.	'ব্রি রাইস ডক্টর' অ্যাপস সংক্রান্ত আলোচনা	প্রস্তুতকৃত 'ব্রি রাইস ডক্টর' মোবাইল ও ওয়েব অ্যাপস এর হোমপেজ হালনাগাদ ও আরো আকর্ষণীয় করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
৪.	বিবিধ	৪.১ প্রতি মাসে নিয়মিতভাবে ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে। ৪.২ পরবর্তী সভায় বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আইসিটি ও উদ্ভাবন সংক্রান্ত সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।